# প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা, ২০১৭

## বিষয় ঃ বাংলা

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

[দক্ষিন পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১, ২, ৩ ও ৪ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :**

শিক্ষক মৌলবি
ভাবিলেন, আজি নিস্তার নাহি, যায় বুঝি তাঁর সবি।
দিল্লিপতির পুত্রের করে
লইয়াছে পানি চরণের পরে,
স্পর্ধার কাজ, হেন অপরাধ কে করেছে– কোন কালে!
ভাবিতে ভাবিতে চিন্তার রেখা দেখা দিল তাঁর ভালে।
হঠাৎ কী ভাবি উঠি
কহিলেন, আমি ভয় করি নাক, যায় যাবে শির টুটি,
শিক্ষক আমি শ্রেষ্ঠ সবার
দিল্লির পতি সে তো কোন ছার,
ভয় করি নাক, ধারি নাক ধার, মনে আছে মোর বল,
বাদশাহ শুধালে শাস্ত্রের কথা শুনাব অনর্গল। *[শিক্ষাগুরুর মর্যাদা]*

**১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১ × ৫ = ৫

**(১) আলোচ্য কবিতাংশটি কোন বিষয়ে লেখা?**

(ক) ছাত্রের দায়িত্ব (খ) অভিভাবকের ইচ্ছা
(গ) শিক্ষকের মর্যাদা (ঘ) ছাত্রের মর্যাদা

**(২) শিক্ষকের মনে কী আছে?**

(ক) ভয় (খ) বল
(গ) শঙ্কা (ঘ) চিন্তা

**(৩) কবিতাংশটি কোন কবির লেখা?**

(ক) কাজী নেওয়াজ (খ) কাজী জাফর
(গ) কাজী কাদের নেওয়াজ (ঘ) কাজী কাদের নওয়াজ

https://teachingbd24.com

(৪) কার কপালে চিন্তার রেখা দেখা দিল?

(ক) শিক্ষকের (খ) ছাত্রের

(গ) বাদশার (ঘ) শাহজাদার

(৫) দিল্লির পতি কে?

(ক) শিক্ষক (খ) ছাত্র (গ) বাদশাহ আলমগীর (ঘ) শাহজাদা

২। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ : ১ + ২ + ২ = ৫

(ক) বাদশাহকে দেখে শিক্ষক প্রথমে কী ভাবলেন?

(খ) শিক্ষক কেন সবার শ্রেষ্ঠ? দুটি বাক্যে লেখ।

(গ) শিক্ষক বাদশাহকে ভয় না করার কারণ কী? দুটি বাক্যে লেখ।

৩। নিচের শব্দগুলোর অর্থ লেখ : ৫

শ্রেষ্ঠ, চরণ, শির, রেখা, অনর্গল।

৪। প্রদত্ত অনুচ্ছেদটির সারাংশ লেখ। ৫

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫, ৬ এবং ৭ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :**

নিঝুমবনে থাকত এক সাদা হাতি। সে তার বৃদ্ধা মাকে খুব ভালোবাসত। বন থেকে খাবার এনে আগে সে মাকে খাওয়াত, তারপর নিজে খেত। তাকে কোনো কাজ করতে দিত না সে। কীসে মা ভালো থাকবে– এই ছিল তার সবসময়ের চিন্তা। একবার সেই নিঝুমবনে এসে একজন লোক পথ হারিয়ে ফেলল। সাদা হাতি লোকটির কাছে গিয়ে বলল, 'তুমি আমার পিঠে চড়ে বস। আমি তোমাকে বনের বাইরে পৌঁছে দিয়ে আসি।' বনের শেষ সীমানায় এসে লোকটিকে পিঠ থেকে নামিয়ে দিয়ে হাতিটি বলল, 'এবার তুমি ফিরে যাও।' শহরে এসে লোকটি শুনল রাজার লোকেরা ঢেঁড়া পিটিয়ে বলছে, 'মহারাজের হাতিটি মারা গেছে। তার একটা নতুন হাতি চাই। দেখতে সুন্দর, তেজি একটি অল্প বয়স্ক সাদা হাতির খোঁজ দিতে পারলে রাজা তাকে বকশিশ দেবেন।' শুনেই লোকটি সাদা হাতির উপকারের কথা ভুলে গেল। রাজদরবারে ছুটে গিয়ে বলল, 'মহারাজ নিঝুমবনে আমি একটি সুন্দর হাতি দেখে এসেছি। আপনি বললে ওটাকে ধরে আনতে পারি।' রাজা বলেন, 'বেশ তো! তাহলে তাই কর।' লোকটি কয়েকজন সেপাই আর মাহুত নিয়ে হাতিটিকে জোর করে ধরে আনলো। হাতিটি তার মায়ের দিকে ফিরে ফিরে কাঁদতে লাগল। কান্নারত হাতিকে রাজার সামনে হাজির করলে রাজা হাতির কাছে কান্নার কারণ জানতে চাইল। সব শুনে রাজা তার লোকদের বললো,

TeachingBD24.com

'হাতিটিকে ওর মায়ের কাছে দিয়ে এসো। আর যে লোকটি উপকার করা সত্ত্বেও হাতিটিকে আমার কাছে ধরে এনেছে তাকে আটকে রাখ।' এভাবেই লোকটি তার কৃতকর্মের সাজা পেল।

**৫। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১ × ৫ = ৫

**(১) লোকটি কোথায় ছুটে গেল?**

(ক) কাজির দরবারে (খ) রাজার দরবারে

(গ) নিঝুমবনে (ঘ) হাতির কাছে

**(২) রাজা হাতিটিকে ছেড়ে দিয়ে কেমন কাজ করলেন?**

(ক) প্রশংসার (খ) দোষের

(গ) স্বাভাবিক (ঘ) শাস্তির

**(৩) রাজা কেমন বিচার করেছিলেন?**

(ক) ভুল বিচার (খ) অন্যায় বিচার

(গ) ন্যায়বিচার (ঘ) পক্ষপাতদুষ্ট বিচার

**(৪) রাস্তা থেকে হেঁটে যাওয়ার সময় তুমি দেখতে পেলে ঝোপের ধারে ছোট্ট গাছে টুনটুনির বাসা থেকে একটি ছানা মাটিতে পড়ে গেছে। এক্ষেত্রে ছানাটিকে তুমি কী করবে?**

(ক) বাড়ি নিয়ে যাব

(খ) খাবার খেতে দেব

(গ) পাখির বাসায় তুলে রাখব

(ঘ) মা পাখির জন্য অপেক্ষা করব

**(৫) উপরের অনুচ্ছেদের মতো পরিস্থিতিতে পড়লে তুমি কার মতো কাজ করবে?**

(ক) লোকটির (খ) মাহুতের (গ) সেপাইর (ঘ) রাজার

**৬। নিচে কয়েকটি শব্দ ও শব্দার্থ দেওয়া হলো। উপযুক্ত শব্দটি বাছাই করে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ করে উত্তরপত্রে লেখ :** ১ × ৫ = ৫

| শব্দ | অর্থ |
|---|---|
| খোঁজ | সন্ধান |
| নিঝুম | নীরব/নিঃশব্দ |
| সীমানায় | প্রান্তে/গণ্ডিতে |
| মাহুত | হাতি চালায় যে |
| বৃদ্ধা | প্রবীণ মহিলা |
| ঢেঁড়া | ঢাক |
| চড়ে | আরোহণ করে/কোনোকিছুর উপর উঠে |

Teachingbd24.com

(ক) পথচারীরা —— বনে পথ হারালো।
(খ) বাসে —— ঢাকা যাব।
(গ) লোকটি —— কে সাথে নিয়ে হাতিটিকে ধরে আনলো।
(ঘ) বনের শেষ —— এসে লোকটি বোঝাটিকে নামিয়ে দিল।
(ঙ) ভালোভাবে —— না নিলে সঠিক তথ্য পাওয়া যায় না।

৭। **নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ :**

(ক) সাদা হাতিটি কোথায় থাকত? সে তার মাকে কী রকম ভালোবাসত? চারটি বাক্যে লেখ। ১+৪=৫

(খ) লোকটি কেন শাস্তি পেল? দুটি বাক্যে লেখ। হাতির কান্নার কারণ কী ছিল? তিনটি কারণ লেখ। ২ + ৩ = ৫

(গ) কোন কোন কাজের মাধ্যমে তুমি তোমার মা-বাবার সেবা করতে পার? পাঁচটি কাজের নাম লেখ। ৫

৮। **নিচের যুক্তবর্ণগুলো ভেঙে দেখাও ও প্রতিটি যুক্তবর্ণ দিয়ে তৈরি শব্দ দ্বারা একটি করে বাক্য রচনা কর :** ২ × ৫ = ১০

(ক) ণ্ট (খ) ক্ষ (গ) হ্ল (ঘ) ন্ধ (ঙ) জ্ঞ

৯। **নিচের অনুচ্ছেদটিতে বিরামচিহ্ন বসিয়ে উত্তরপত্রে লেখ :** ৫

নকল রানি বানায় পিঠা সে পিঠা কেউ মুখেও তুলতে পারে না এমনই বিস্বাদ দুখিনী কাঞ্চনমালা বানান চন্দ্রপুলি মোহনবাঁশি পিঠা

১০। **নিচের বাক্যগুলোকে এককথায় প্রকাশ কর :** ১ × ৫ = ৫

(ক) সাদরে গ্রহণ
(খ) যা কষ্টে ভেদ করা যায়
(গ) যার মূল্য নির্ধারণ করা যায় না
(ঘ) নদী ও সাগরের ঢেউ
(ঙ) শক্তি আছে যার

১১। **নিচের শব্দগুলোর বিপরীত শব্দ লেখ :** ১ × ৫ = ৫

(ক) বিষাদ (খ) নিষ্ঠুর (গ) তেতো (ঘ) সরব (ঙ) শুকনো

১২। **নিচের কবিতাংশটুকু পড়ে ক, খ ও গ নং প্রশ্নগুলোর উত্তর লেখ :**

আমরা ঘাসের ছোট ছোট ফুল
হাওয়াতে দোলাই মাথা,
তুলো না মোদের দলো না পায়ে

Teachingbd24.com

ছিঁড় না নরম পাতা।
শুধু দেখ আর খুশি হও মনে
সূর্যের সাথে হাসির কিরণে
কেমন আমরা হেসে উঠি আর
দুলে দুলে নাড়ি মাথা।

(ক) ঘাসফুলগুলো কী রকম? কীসে তারা মাথা নাড়ায়? ১+১=২

(খ) কবিতাংশটির মূলভাব পাঁচটি বাক্যে লেখ। ৫

(গ) তুমি কীভাবে বাড়ির আঙিনার ফুল বাগানের যত্ন নেবে? তিনটি পদ্ধতি লেখ। ৩

১৩। মনে কর, তোমার নাম নবীন/নাহিদা। তোমার পিতার নাম নাদের আলী, মাতার নাম নাদিরা জাহান। তুমি চলিশা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী। শাপলা কাব এওয়ার্ড পাওয়ার আবেদন করার জন্য নিচের ফরমটি পূরণ কর : ৫

| শাপলা কাব এওয়ার্ড আবেদন ফরম | |
|---|---|
| ১. প্রার্থীর নাম | : ................................ |
| ২. (ক) মাতার নাম | : ................................ |
| (খ) পিতার নাম | : ................................ |
| ৩. বিদ্যালয়ের নাম | : ................................ |
| ৪. জন্ম তারিখ | : ................................ |
| ৫. যে শ্রেণিতে অধ্যয়নরত | : ................................ |

১৪। মনে কর, তোমার নাম সাকিলা/সাকিল। তোমার বন্ধুর নাম সুমনা/শামীম। তোমার বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানের বর্ণনা দিয়ে তোমার বন্ধুর কাছে চিঠি লেখ। ৫

১৫। নিচের যেকোনো একটি বিষয়ে ২০০ শব্দের মধ্যে রচনা লেখ : ১০

(ক) **মোবাইল ফোন :** *ভূমিকা, আবিষ্কার, উপকারিতা, অপকারিতা, উপসংহার।*

(খ) **জাতীয় ফুল শাপলা :** *ভূমিকা, আকার-আকৃতি, কোথায় পাওয়া যায়, ব্যবহার, উপসংহার।*

(গ) **বর্ষাকাল :** *ভূমিকা, প্রাকৃতিক রূপ, উপকারিতা, অপকারিতা, উপসংহার।*

(ঘ) **প্রিয় খেলা :** *ভূমিকা, উৎপত্তি, বর্ণনা, কেন প্রিয়, উপসংহার।*

Teachingbd24.com